# ALL INDIA RADIO, SILCHAR

*************

## EVENING BULLETIN : BENGALI

## Date: - 10-07-2024

## *Time: 19:45-19:55 Hrs*

---------------------------------------

১) রাজ্যের কলেজগুলিতে নিযুক্তির ক্ষেত্রে স্থায়ী বাসিন্দাদের প্রমাণপত্র বাধ্যতামূলক নয় বলে জারি করা নির্দেশ আসাম সরকারের প্রত্যাহার । এসম্পর্কে তদন্তের নির্দেশ ।

২) আসাম মন্ত্রীসভার বৈঠকে আপন ঘর প্রকল্পের অদীনে প্রদান করা ঋণের অর্থ ৩০ লক্ষ টাকা পর্যন্ত বৃদ্ধিতে অনুমোদন ।

৩) প্রজ্ঞান ভারতী প্রকল্পের অধীনে বিনামূল্যে নাম ভর্তির জন্য ৩৪৯ শিক্ষা প্রতিষ্ঠানকে ৬৮ কোটিরও অধিক টাকা বিতরন ।

এবং

৪) বরাক উপত্যকার বন্যা পরিস্থিতি এখনও স্বাভাবিক হয়নি । পরিস্থিতি পরিদর্শনে আগামীকাল বরাকে আসছেন রাজ্যের মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া ।

---------------------------------------------------------------------------

আসাম সরকার রাজ্যের কলেজগুলির সহকারী অধ্যাপক, গ্রন্থাগারিক এবং তৃতীয় ও চতুর্থ শ্রেণীর পদের জন্য স্থায়ী বাসিন্দার প্রমাণপত্র বাধ্যতামূলক নয় বলে জারি করা নির্দেশনা প্রত্যাহার করেছে । রাজ্যের উচ্চশিক্ষা সঞ্চালকালয়ের জারি করা এই বিজ্ঞপ্তি সম্পর্কে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা রাজ্যের শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগুকে তদন্তের জন্যে নির্দেশ দিয়েছেন । শিক্ষামন্ত্রী সামাজিক মাধ্যম যোগে দেওয়া এক পোস্টে বলেছেন যে- সরকারের অনুমোদন ছাড়া

উচ্চশিক্ষা সঞ্চালকালয় এই নির্দেশনা প্রকাশ করেছে । এদিকে মুখ্যমন্ত্রী বলেছেন যে- স্থায়ী বাসিন্দার প্রমাণপত্র সম্পর্কে কেবল সরকারই সিদ্ধান্ত গ্রহণ করতে পারে । কোনো কারণেই সঞ্চালকালয় এধরণের নির্দেশনা দিতে পারেনা বলে তিনি স্পষ্ট করে দিয়েছেন । উচ্চশিক্ষা সঞ্চালকালয় কিসের ভিত্তিতে এই নির্দেশনা জারী করেছে, সেই সম্পর্কে মুখ্যমন্ত্রী তদন্তের নির্দেশ দিয়েছেন ।

-------------------------------------------------------------------------------

আসাম মন্ত্রীসভার বৈঠকে আজ ২০১৬-১৭ বর্ষে রাজ্য সরকারের আরম্ভ করা 'আপন ঘর' প্রকল্পের আওতায় প্রদান করা ঋণের পরিমাণ বৃদ্ধি করে ৩০ লক্ষ টাকা করেছে । এই প্রকল্পের অধীনে ৩৭ হাজার ২৭৭ জন রাজ্য সরকারী কর্মচারী ঋণ গ্রহণ করেছে । দিসপুরে আজ অনুষ্ঠিত মন্ত্রীসভার বৈঠকের পর শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু এক সাংবাদিক সম্মেলনে একথা জানিয়েছেন । তিনি বলেন যে- 'আপন ঘর' প্রকল্পের আওতায় পূর্বে ১৫ লক্ষ টাকা করে এই কর্মচারীরা মোট ৫ হাজার ৬৬৩ কোটি টাকা ঋণ নিয়েছিলেন । এখন থেকে কর্মচারীরা ৩০ লক্ষ টাকা পর্যন্ত নিতে পারবেন এবং এর শতাংশ করে সুদ রাজ্য সরকার প্রদান করবে বলে শিক্ষামন্ত্রী জানিয়েছেন । এদিকে মহিলা কর্মচারীরা এক বছরের কম বয়সের সন্তান দত্তক নিলে ১৮০ দিনের প্রতিপালন ছুটি লাভ করবেন । এছাড়া আসাম রাজ্য কৃষি বিপণন বোর্ডের ৬১২ জন কর্মচারীকে স্বেচ্ছামূলক অবসর গ্রহণের জন্য রাজ্য সরকার প্রস্তাব দিয়েছে বলে ক্যাবিনেটে নেওয়া সিদ্ধান্তের কথা ডাঃ পেগু প্রকাশ করেছেন । এই কর্মচারীদের স্বেচ্ছামূলক অবসর গ্রহণের প্রক্রিয়া আরম্ভ হয়েছে এবং এরজন্য ১৫৫ কোটি টাকা ব্যয় করা হবে । স্বেচ্ছামূলক অবসরের জন্য প্রাপ্য অর্থের অতিরিক্ত দশ শতাংশ সরকার প্রদান করবে বলেও ক্যাবিনেটে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে । অন্যদিকে কৃষি বিপণন বোর্ডের ১৩১ জন চুক্তিভিত্তিক কর্মচারীকেও স্বেচ্ছামূলক অবসরের জন্য নির্দিষ্ট হারে অর্থ প্রদান করা হবে । অনুরূপভাবে ফিক্সড পেও অর্থাৎ নির্দিষ্ট হারে বেতন লাভ করা কর্মচারীরাও স্বেচ্ছামূলক অবসরের অর্থ লাভ করবেন । এদিকে আসাম রাজ্য কৃষি বিপণন বোর্ড বন্ধ করার ব্যাপারে কোনো সিদ্ধান্ত নেওয়া হয়নি বলে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে শিক্ষামন্ত্রী স্পষ্ট করে দেন।

---

মুখ্যমন্ত্ৰী ডঃ হিমন্তবিশ্ব শৰ্মা প্ৰজ্ঞান ভাৰতী প্ৰকল্পেৰ আওতায় আজ ৬৮ কোটিৰও বেশি টাকা বিতৰণ কৰেছেন । ৰাজ্যসৰকাৰে উচ্চশিক্ষাৰ স্বপন বাস্তবায়িত কৰাৰ লক্ষ্যে গ্ৰহণ কৰা প্ৰজ্ঞান ভাৰতী প্ৰকল্পেৰ অধীনে কলেজ, বিশ্ববিদ্যালয়গুলিতে বিনামূল্যে ভৰ্তিৰ অৰ্থেৰ প্ৰথম পৰ্যায়েৰ টাকা মঞ্জুৰ কৰা হয়েছে । এই প্ৰকল্পেৰ অধীনে ২০২৪-২৫ শিক্ষাবৰ্ষে ৩৪৯টি শিক্ষাপ্ৰতিষ্ঠানেৰ ৯৪ হাজাৰ ৮৩৮ জন ছাত্ৰছাত্ৰী উপকৃত হয়েছে। শুৰুৰ থেকে বিগত শিক্ষাবৰ্ষ পৰ্যন্ত এই প্ৰকল্পেৰ অধীনে ২২ লক্ষেৰও বেশি শিক্ষাৰ্থীকে এৰ আওতায় আনা হয়েছে । উল্লেখ্য- প্ৰজ্ঞান ভাৰতী প্ৰকল্পেৰ মাধ্যমে উচ্চতৰ মাধ্যমিক অথবা স্নাতক এবং স্নাতকোত্তৰ স্তৰে শিক্ষাৰ্থীদেৰ বিনামূল্যে ভৰ্তিৰ সুবিধা প্ৰদান কৰা হয়েছে । দিসপুৰ লোকসেবা ভবনে অনুষ্ঠিত এই কাৰ্যসূচীতে ৰাজ্যেৰ শিক্ষামন্ত্ৰী ডাঃ ৰণোজ পেগুও অংশগ্ৰহণ কৰেন । এই প্ৰকল্পেৰ দ্বিতীয় পৰ্যায়েৰ অৰ্থ আগামী সেপ্টেম্বৰ মাসে দেওয়া হবে ।

---

ড.বানীকান্ত কাকতি মেধা পুৰস্কাৰ-২০২৪ এৰ অধীনে বিগত শিক্ষাবৰ্ষে
উচ্চতৰ মাধ্যমিক চূড়ান্ত পৰীক্ষায় ৬০ শতাংশ নম্বৰ প্ৰাপ্ত ছাত্ৰী এবং ৭৫ শতাংশ নম্বৰ প্ৰাপ্ত ছাত্ৰদেৰ ৰাজ্যসৰকাৰ স্কুটী প্ৰদান কৰবে । মূখ্যমন্ত্ৰী ড. হিমন্ত বিশ্ব শৰ্মাৰ পৌৰহিত্যে আজ জনতা ভবনে অনুষ্ঠিত এক বৈঠকে স্কুটী বিতৰণ কাৰ্যসূচীৰ নিৰ্দেশেৰ পৰ্যালোচনা কৰা হয় । বৈঠকে মূখ্যমন্ত্ৰী উচ্চ শিক্ষায় ছাত্ৰ ছাত্ৰীদেৰ নামভৰ্তি বৃদ্ধিৰ জন্য পদক্ষেপ গ্ৰহণ কৰতেও সংশ্লিষ্ট আধিকাৰিকদেৰ নিৰ্দেশ দেন ।

মূখ্যমন্ত্ৰী ড.শৰ্মা শিক্ষামন্ত্ৰী ডা:ৰণোজ পেগুৰ উপস্থিতিতে মূখ্যমন্ত্ৰীৰ সংগ্ৰহালয় স্থাপন সম্পৰ্কে আলোচনা কৰাৰ উদ্দেশ্যে স্থানীয় জনজাতিদেৰ বিশ্বাস ও সাংস্কৃতিক বিভাগেৰ উচ্চপদস্থ আধিকাৰিকদেৰ সঙ্গে অন্য আৰেকটি বৈঠকে মিলিত হন ।বৈঠকে প্ৰধানমন্ত্ৰীৰ সংগ্ৰহালয়েৰ মতো ৰাজ্যে মূখ্যমন্ত্ৰী সংগ্ৰহালয় স্থাপনেৰ বিভিন্ন দিক সম্পৰ্কে বিস্তাৰিত আলোচনা কৰা হয় । মূখ্যমন্ত্ৰী সংগ্ৰহালয়েৰ বিশেষজ্ঞ ,শিক্ষাবিদ ,ইতিহাসবিদ ,স্থাপত্যবিদকে অৰ্ন্তভুক্ত কৰে একটি বিশেষজ্ঞ কমিটি গঠন কৰাৰ জন্য বৈঠকে পৰামৰ্শ দেন । এই কমিটিকে

প্রধানমন্ত্রী সংগ্রহালয়টি পরিদর্শন করা সহ এর স্থাপনের সঙ্গে জড়িত ব্যাক্তিদের সঙ্গে সাক্ষাৎ করে অধ্যয়ন ও গবেষণার শেষে পরবর্তী পরিকল্পনা প্রস্তুত করতে তিনি পরামর্শ প্রদান করেন ।

---------------------------------------------------------------------------

আসাম প্রদেশ কংগ্রেস কমিটির নবগঠিত অনুশাসন সমিতির প্রথম বৈঠক আজ গৌহাটীতে অনুষ্ঠিত হয়েছে ।আসাম প্রদেশ কংগ্রেসের সভাপতি ভূপেন বরার পৌরহিত্যে অনুষ্ঠিত বৈঠকে বিগত লোকসভা নির্বাচনে দলবিরোধী কার্যকলাপে জড়িত থাকা সদস্যদের বিজ্ঞপ্তি জারী করার সিদ্ধান্ত গ্রহণ করা হয় ।প্রদেশ কংগ্রেস কমিটি এপর্যন্ত ৬টি জেলা থেকে এধরনের অভিযোগ লাভ করেছে বলে দলের মিডিয়া সেলের অধ্যক্ষ বেদব্রত বরা জানিয়েছেন । আজকের বৈঠকে অনুশাসন সমিতির অধ্যক্ষ নৃপেন ঠাকুরিয়া ,সহকারী অধ্যক্ষ ববিতা শর্মা সহ বেশকয়েকজন শীর্ষ নেতা ও কর্মী উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------

সাম্প্রতিক বন্যায় রাজ্যের ২৬ টি জেলার ১৭ লক্ষেরও অধিক লোক ক্ষতিগ্রস্ত হয়েছেন । আসাম রাজ্য দূর্যোগ ব্যাবস্থাপনা কর্তৃপক্ষের আজ প্রকাশ করা তথ্য অনুসারে এখনও ৯০ টি রাজস্ব চক্রের ২ হাজার ৭০০ রো অধিক গ্রামের বিস্তীর্ণ  অঞ্চল প্লাবিত রয়েছে । এই বন্যায় ৩৯ হেক্টরেরও অধিক কৃষিজমি ক্ষতিগ্রস্ত হয়েছে । গত ২৪ ঘন্টায় বন্যার ফলে ৭ জন লোক প্রাণ হারানোয় সাম্প্রতিক বন্যায় মৃতের সংখ্যা ৭৯ এ বৃদ্ধি পেয়েছে । বন্যার ফলে গত ২৪ ঘন্টায় ৯৪ টি সড়ক ও তিনটি সেতু সহ অন্যান্য পরিকাঠামোর ক্ষতি হয়েছে । এদিকে ২৪০ টি আশ্রয় শিবিরে ৪৮ হাজারেরও অধিক বন্যাক্রান্ত আশ্রয় গ্রহণ করেছেন । এন ডি আর এফের দল কাছাড় ,বরপেটা ,বঙ্গাইগাঁও ,ডিব্রুগড় ও যোরহাটের প্লাবিত অঞ্চলে উদ্ধার অভিযান অব্যাহত রেখেছে ।অন্যদিকে এস ডি আর এফ ,অগ্নি নির্বাপক বাহিনী ,পুলিশ ও দূর্যোগ ব্যাবস্থাপনা কর্তৃপক্ষের স্বেচ্ছাসেবকরা অন্যান্য জেলায় অভিযান অব্যাহত রেখেছে ।

বরাক উপত্যকার বন্যা পরিস্থিতি এখনও স্বাভাবিক হয়নি । করিমগঞ্জ জেলার ৪৬ টি অঞ্চল এখনও বন্যার কবলে রয়েছে । জেলায় স্থাপন করা ৪০ টি

আশ্রয় শিবিরে তিন হাজারেরও অধিক লোক আশ্রয়  নিয়েছেন । জেলার ২৫ হাজার চারশোরও অধিক লোক বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছেন ।

---------------------------------------------------------------------------------

রাজ্যের জল সম্পদ বিভাগ থেকে আকাশবাণীকে জানানো হয়েছে যে আজ রাত সাতটায় শিলচর অন্নপূর্নাঘাটে বরাক নদী বিপদসীমার ৭৭ সেন্টিমিটার নীচে প্রবাহিত হচ্ছে । এখানে জল বেলা দুটো থেকে ঘন্টায় এক সেন্টিমিটার করে কমলেও বিকেল চারটে থেকে স্থিতাবস্থায় রয়েছে ।

---------------------------------------------------------------------------------

রাজ্যের জনস্বাস্থ্য ও কারিগরী বিভাগের মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া বরাক উপত্যকা সফরে আগামীকাল শিলচর আসছেন । মন্ত্রী শ্রীবরুয়া আগামীকাল বিকেল চারটে ১৫ মিনিটে শিলচরে জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে একটি পর্য্যালোচনা বৈঠকে মিলিত হবেন এবং এরপর জেলা বি জে পি-র কার্য্যলয়ে যাবেন । মন্ত্রী শ্রী বরুয়া আগামী শুক্রবার সকাল সাড়ে ৮টায় হাইলাকান্দি এবং ১২টায় করিমগঞ্জের উদ্দেশ্যে যাত্রা করবেন এবং বিভিন্ন কার্য্যসূচীতে অংশ নিয়ে শিলচর ফিরে আসবেন । মন্ত্রী শ্রী বরুয়া আগামী ১৩ই জুলাই বিমানে গুয়াহাটী ফিরে যাবেন ।

---------------------------------------------------------------------------------

শিলচর জেলা বার সংস্থার ১৫০ বছর পূর্তি অনুষ্ঠানের অন্যতম কর্মসূচী হিসেবে আজ সংস্থার নিজ ভবনে ভারতীয় সংবিধান সত্তার গৌরব অক্ষুন্ন রাখতে আইনজীবি ও বিচারকদের ভূমিকা শীর্ষক এক আলোচনাচক্র অনুষ্ঠিত হয় । শিলচর বার সংস্থার সভাপতি দুলাল মিত্রের পৌরহিত্যে অনুষ্ঠিত আলোচনাচক্রে গৌহাটী হাইকোর্টের বিচারপতি সুমন শ্যাম ,আসাম বার কাউন্সিলের প্রাক্তন চেয়ারম্যান প্রবীন আইনজীবি হাফিজ রশিদ আহমেদ চৌধুরী এবং বার কাউন্সিলের সদস্য তথা প্রবীণ আইনজীবি সুভাষচন্দ্র বিশ্বাস উপস্থিত ছিলেন । বিচারপতি সুমন শ্যাম তাঁর বক্তব্যে বলেন যে আইন তথা সংবিধানকে সর্ব্বোচ্চ অগ্রাধিকার দিতে আইনজীবি ও বিচারপতি একে অন্যের পরিপূরক । দেশের বিচার ব্যবস্থায় যেভাবে উন্নত তথ্য প্রযুক্তির ব্যাবহার করা হচ্ছে তাতে শিলচরের আইনজীবিদের যুক্ত হবার জন্য তিনি আহ্বান জানান ।

প্রবীন আইনজীবি হাফিজ রশিদ আহমদ চৌধুরী তাঁর বক্তব্যে সংবিধানের প্রস্তাবনাকে রক্ষা করার বিষয়ে আইনজীবি ও বিচারকরা একে অপরের পরিপূরক হিসেবে কাজ করবে বলে উল্লেখ করেন । সুভাষ বিশ্বাসও তাঁর বক্তব্যে আইনজীবি ও বিচারকদের মধ্যে সমন্বয় রক্ষার ওপর গুরুত্ব আরোপ করেন ।

-------------------------------------------------------------------------------

লায়ন্স ক্লাব অব লালার উদ্যোগে আজ লালা শিক্ষা খন্ডের অধীন গাগলাছড়া চানমারী ট্রাইব্যাল এম ই স্কুলে নাচ,গান ধামাইল সহ সাংস্কৃতিক অনুষ্ঠান এবং শিক্ষা সামগ্রী বিতরনের মধ্য দিয়ে গ্রীষ্মকালীন শিবির অনুষ্ঠিত হয়েছে । ক্লাবের সভাপতি নুরুল মজুমদারের পৌরহিত্যে আয়োজিত অনুষ্ঠানে গ্রীষ্মকালীন শিবিরের উদ্দ্যেশ ব্যাখ্যা করেন যীশু কুমার নাথ । পরে ছাত্র-ছাত্রীদের মধ্যে খাতা ,কলম , পেন্সিল, রাবার সহ বিভিন্ন শিক্ষা সামগ্রী বিতরন করা হয়েছে ।

-------------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলা প্রশাসন , করিমগঞ্জ কৃষি বিজ্ঞান কেন্দ্র এবং করিমগঞ্জ জেলা পশু চিকিৎসা কার্য্যলয়ের যৌথ উদ্যোগে আজ বদরপুর রাজস্ব চক্রের চরগোলা-ঘোড়ামারা গ্রামে বন্যা পরবর্তী পশু ও মৎস্য স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়েছে । কৃষি বিজ্ঞান কেন্দ্রের বরিষ্ট বিজ্ঞানী ডক্টর পুলকাভ চৌধুরী শিবিরের উদ্বোধন করে কৃষকদের বহনশীল ধানের জাত রঞ্জিত সাব-১ গ্রহনের পরামর্শ দিয়েছেন । কৃষকদের আয় দ্বিগুন করার জন্য ডক্টর চৌধুরী ডাল, তৈলবীজ ও সবজী চাষ করে দ্বিগুন ফসল পদ্ধতি অনুসরন করার পরামর্শ দিয়েছেন । এছাড়াও শিবিরে পশু চিকিৎসক ডক্টর মইন উদ্দিন আহমেদ , ডক্টর জয়শিখ সনোয়াল , ডক্টর কেলিসন বসুমাতারী প্রমূখ বক্তব্য রাখেন ।

-------------------------------------------------------------------------------

বড়খলা ও কাটিগড়া পূর্ত বিভাগের সড়ক শাখার কার্য্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তীতে সাম্প্রতিক বন্যায় শ্রীকোনা দৈনিক বাজার থেকে শিলচর-কালাইন রোড হয়ে পালাধর ও রাখাল খালেরপার পর্য্যন্ত সড়কটি ভারী যান চলাচলের

জন্য বন্ধ থাকবে বলে জানিয়েছেন । বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্য্যন্ত এই সড়ক বন্ধ থাকবে ।

-------------------------------------------------------------------------------------

ভারতীয় আবহাওয়া দপ্তর থেকে দেওয়া পূর্বাভাসে জানানো হয়েছে যে- আসাম সহ সমগ্র উত্তরপূর্বাঞ্চলে আগামী দুই-তিন দিন ধরে অবিরাম বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে । আবহাওয়া দপ্তরের তথ্য অনুসারে উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির সঙ্গে পশ্চিমবঙ্গ, ওড়িশা, মহারাষ্ট্র, কর্ণাটক, গুজরাট ইত্যাদিতেও এই সময়ে যথেষ্ট বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে । বিশেষ করে মধ্য ভারতে আগামী চারদিন ধরে বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টিপাত অব্যাহত থাকবে বলে আবহাওয়া দপ্তর থেকে জানানো হয়েছে ।

-------------------------------------------------------------------------------------